গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
**www.macademy.gov.bd**

নং- ১৮.৪৫৮.০১১.০৪.০০.০১৯(১).২০২৪- ৬ ১৯.০৩.২০২৪

## পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের নিম্নোক্ত স্থায়ী শূন্য পদসমূহ পূরনের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে, পদের বিবরণ নিম্নরূপ:-

| ক্রঃ নং | শূন্য পদের নাম | বেতন স্কেল/২০১৫ ও গ্রেড | পদের সংখ্যা | স্থায়ী/ অস্থায়ী | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ইন্সট্রুমেন্ট অপারেটর | ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১ | ০১ (এক) টি | অস্থায়ী | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যাসহ ২য় শ্রেণীর বি. এস. সি ডিগ্রী। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, মাগুড়া, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলা।<br><br>তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬৪ জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন। |
| ২ | চীফ পেটি অফিসার (সিগন্যাল) | ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩ | ০১ (এক) টি | অস্থায়ী | বাংলাদেশ নৌ-বাহিনীর উচ্চতর শিক্ষা পরীক্ষা অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ তৎসহ বাংলাদেশ নৌ-বাহিনীতে প্রাক্তন পেটি অফিসার এবং সিগন্যাল স্কুলে প্রশিক্ষক হিসাবে ১ বৎসরের অভিজ্ঞতা অথবা মেরিন একাডেমী হইতে প্রি-সী কোর্সের প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেট। | -ঐ- |
| ৩ | চীফ পেটি অফিসার (সীম্যানশীপ) | ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩ | ০১ (এক) টি | অস্থায়ী | বাংলাদেশ নৌ-বাহিনীর উচচতর শিক্ষা পরীক্ষা অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে উচচ মাধ্যমিক পাশ তৎসহ বাংলাদেশ নৌ-বাহিনীর প্রাক্তন পেটি অফিসার। পেটি অফিসার হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতা এবং সীম্যানশীপ ট্রেনিং-এ কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা অথবা মেরিন একাডেমী হইতে প্রি-সী কোর্সের প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেট। | -ঐ- |
| ৪ | ড্রাফটসম্যান | ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ০১ (এক) টি | অস্থায়ী | কোন স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। তবে মেশিন ড্রাফটসম্যান হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। | -ঐ- |
| ৫ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ০১ (এক) টি | স্থায়ী | নুন্যতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি পাশ হইতে হবে। শর্টহ্যান্ডের প্রতি মিনিটে ইংরেজি ৭০ বাংলায় ৪৫ শব্দ ও কম্পিউটার ব্যবহার ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ;<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | -ঐ- |
| ৬ | মোটর ড্রাইভার | ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ০১ (এক) টি | স্থায়ী | বৈধ মোটর ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। | -ঐ- |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

শর্তাবলী:

১। মেরিন একাডেমির ওয়েবসাইট **www.macademy.gov.bd** থেকে আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম এর বরাবরে আবেদন করে আগামী ০৮.০৪.২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। ১ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ২-৬ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের অনুকূলে সোনালী ব্যাংক লি:/বাংলাদেশ ব্যাংকে, ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং ১-৫২৩৬-০০০১-২৬৮১ তে জমা করে চালানের মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে।

২। আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ক্রমিক নং ২ ও ৩ নং পদের জন্য ০৮.০৪.২০২৪ তারিখে বয়সের উর্ধ্বসীমাঃ ৪৫ বৎসর এবং অন্যান্য পদের জন্য বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধার/ শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সদন/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

৩। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (নূন্যতম ০৯ গ্রেড গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং নামসহ সীল মোহরযুক্ত হতে হবে), সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান-অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যিই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) এর মূল কপি বাধ্যতামূলক ভাবে জমা দিতে হবে। এছাড়ও জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধ সনদের কপি অবশ্যই আবেদন পত্রের সাথে সংযোজিত করতে হবে।

৪। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েবসাইট (www.macademy.gov.bd) জানা যাবে;

৫। প্রাথমিকভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক **সেট সত্যায়িত অনুলিপি** জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক। শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/ সাময়িক সদনপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র।
খ। জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক (নাম পদবী উল্লেখসহ) কর্তক সম্পাদিত হতে হবে।
গ। জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র।
ঘ। আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
ঙ। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।
চ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র- কন্যারগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সর্ম্পক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিটিকর্পোরেশন/ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তক প্রদত্ত প্রত্যয়নপত্র।
ছ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক সনদপত্র।
জ। এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।
ঝ। আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক জেলা কমান্ডেন্ট/জেলা আনসার এ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত ২১ (একুশ) দিনের মৌলিক প্রশিক্ষণের সদনপত্র।
ঞ। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

৭। ০১ (এক) টি ৯ X ৪ ইঞ্চি ফেরত খামে অবশ্যই ১০/- (দশ) টাকার ডাক টিকিটসহ প্রার্থীর বর্তমান ঠিকানা অথবা যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক, তা উল্লেখ পূর্বক আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।

৮। আবেদনকারীর নিকট আত্মীয় (বাবা, মা, ভাই ও অবিবাহিত বোন), মেরিন একাডেমিতে চাকুরী করলে তার বিস্তারিত বিবরণ আবেদনকারীর স্বাক্ষরসহ অঙ্গীকারনামা সঙ্গে দিতে হবে। অঙ্গীকারনামা ফরমটি **www.macademy.gov.bd** থেকে সংগ্রহ করা যাবে।

৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

১০। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ অক্টোবর ২০১৮ তারিখের বিধি-বিধান ও সরকারি অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীর বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে কোন ব্যক্তি যদি টাকা লেনদেন করে তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৩। চাকুরির জন্য কোন সুপারিশ গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে নিয়োগকারী/কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। **প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।**

**বি:দ্র: স্মারক নং-১৮.৪৫৮.০১১.০৪.০০.০১৯(১)/২০২৩-৩০২, তারিখ: ১২/০৯/২০২৩ এর বিজ্ঞপ্তি মূলে পূর্বে যথাযথ আবেদনকৃত (প্রবেশপত্র প্রাপ্ত) প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

২৮/০৩/২০২৪

মো: খায়রুল বাসার
তড়িৎ যান্ত্রিক প্রকৌশলী
ও
সদস্য-সচিব
নিয়োগ/পদোন্নতি কমিটি
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম

# চাকুরির আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি
(সম্প্রতি তোলা.দুই কপি)
১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক
সত্যায়িত

কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি
চট্টগ্রাম।

| | | | |
|---|---|---|---|
| ১ | পদের নামঃ | | |
| ২ | বিজ্ঞপ্তির নং | | তারিখ |
| ৩ | প্রার্থীর নাম | বাংলায়ঃ | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বরঃ | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | |
| ৫ | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান (জেলা)ঃ |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস / দিন |
| ৮ | মাতার নামঃ | | |
| ৯ | পিতার নামঃ | | |

| | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০ | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড | | |
| | ডাকঘর | | |
| | পোষ্ট কোড নম্বর | | |
| | উপজেলা | | |
| | জেলা | | |
| ১১ | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২ | জাতীয়তাঃ | ১৩ | জেন্ডারঃ |
| ১৪ | ধর্মঃ | ১৫ | পেশাঃ |

১৬ শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯ | কোটা (টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা/পুত্র-কণ্যার পুত্র-কণ্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধি |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ | | তারিখ | |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ড পত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |

# অঙ্গীকারনামা

এই মর্মে প্রত্যয়ন করিতেছে যে, আমি ------------------------, পিতাঃ ----------------------, গ্রামঃ -------------- পোষ্টঃ -------------, থানা/উপজেলাঃ --------------, জেলাঃ ------------------- আমার কোন নিকট আত্মীয় (বাবা, মা, আপন ভাই, অবিবাহিত বোন) বাংলাদেশ মেরিন একাডেমিতে কর্মরত আছেন/নাই। তার বিবরণ নিম্নোক্ত ছকে উল্লেখ করতে হবেঃ

| ক্রঃ নং | নাম | নিকট আত্মীয় (বাবা, মা, ভাই, অবিবাহিত বোন) সম্পর্ক | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |

আবেদনকারীর নাম ও স্বাক্ষর